গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই-বাংলা নগর, ঢাকা

সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প

Terms Of References (TOR)

(ক) প্রকল্পের বিবরণ:

১	প্রকল্পের নাম	:	**"সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"**
২।	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় / স্থানীয় সরকার বিভাগ
৩।	বাস্তবায়নকারী সংস্থা	:	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৫।	প্রকল্প এলাকা	:	সমগ্র বাংলাদেশের ৬৪টি জেলা।

(খ) **প্রাক্কলিত ব্যয়ঃ** **(লক্ষ টাকায়)**

মুল	মোট	টাকা	প্রকল্প সাহায্য
	৮৮৫০৭৩.৮৭	৮৮৫০৭৩.৮৭	-

(গ) **প্রকল্পের বাস্তবায়নকাল:**

ডিপিপি'র ধরণ	প্রকল্প শুরুর তারিখ	সমাপ্তির তারিখ
মূল	জানুয়ারি,২০২০	জুন,২০২৫

(ঘ) **প্রকল্পের সাধারণ উদ্দেশ্য:**

- সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ বৃদ্ধির মাধ্যমে জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মান উন্নয়ন।

(ঙ) **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

১) নিরাপদ পানি সরবরাহ বৃদ্ধির মাধ্যমে জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মান উন্নয়ন লক্ষ্যে উপজেলা অফিস ভবন নির্মাণ ১২ টি
২) ৬ নং অগভীর নলকূপ স্থাপন (১.৫"ব্যাস) ৯০৬৩৬টি,
৩) ৬নং গভীর নলকূপ স্থাপন (১.৫" ব্যাস) ১২৩৮৭৭টি,
৪) সাবমার্সিবল পাম্প ও জলাধারসহ অগভীর নলকূপ স্থাপন (৩" ব্যাস) ২০৬৬৬৪টি,
৫) সাবমার্সিবল পাম্প ও জলাধারসহ গভীর নলকূপ স্থাপন (৪ " *১.৫") ১৭০২২২টি,
৬) রিংওয়েল স্থাপন ৩৩৭৯টি,
৭) রেইনওয়াটার হারভেস্টিং ইউনিট স্থাপন ৩২১০টি,
৮) রুরাল পাইপ ওয়াটার সাপ্লাই স্কিম ৪৯১টি,
৯) সোলার পিএসএফ ৩২০টি
১০) আর্সেনিক আয়রন রিমোভ্যাল প্ল্যান্ট (ভ্যাসেল টাইপ) ২৯৫৭০টি।
১১) কমিউনিটিভিত্তিক পানি সরবরাহ ইউনিট ৮৮৩৮টি

(চ) **<u>পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ</u>**

১) প্রকল্পের সম্পূর্ণ এলাকা সমীক্ষার আওতাভূক্ত হিসেবে বিবেচিত হবে;

(২) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৩) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৪) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৫) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য ও কার্য সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য ও কার্য চুক্তি পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য ও কার্য সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ, গুনগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ ;

৮) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য ও কার্য ক্রয়/ সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ পর্যালোচনা, প্রকল্পের সাইট সিলেকশনে যথার্থতা যাচাই, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১১) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

১২) প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি অর্জনের ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ।

১৩) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করতে হবে;

১৪) প্রকল্প ব্যবস্থাপনা : প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৫) প্রকল্পে পাম্প স্থাপনসহ ফিজিক্যাল ওয়ার্ক এর সাইট সিলেকশন ডিপিএইচই এর গাইডলাইন অনুসরণে করা হয়েছে কিনা তা পর্যালোচনা, উপজেলা WATSAN/উপজেলা পরিষদের জনস্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটি (Standing Committee) কর্তৃক স্থান নির্বাচন হয়েছে কিনা, হলে সেটা ডিপিএইচই এর গাইডলাইন অনুসরণ করে হয়েছে কিনা তা যাচাই/পর্যালোচনা (ডিপিপি পৃঃ ১৫, অনুচ্ছেদ ২৮.০);

১৬) টিউবওয়েল/পানির উৎসগুলোর সহায়ক চাঁদা (Contribution Fee) সুবিধাভোগী হতে যথাযথভাবে আদায় ও রাষ্ট্রীয় কোষাগারে জমা হচ্ছে কিনা তা যাচাই;

১৭) উত্তোলিত /সরবরাহকৃত পানি সুবিধাভোগীদের জনস্বাস্থ্যের উপর কিরুপ প্রভাব ফেলছে তা পর্যালোচনা ;

১৮) প্রকল্পের বাস্তবায়ন কৌশল (Implementation Modality of the Project) ডিপিপি সংযুক্তি-১০, পৃঃ ৮৩-৮৫) এ বর্ণিত বিভিন্ন করণীয় কৌশল (Parameter) এর আলোকে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৯) পরামর্শক প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালে তথ্যদাতাদের মোবাইল নাম্বার, জাতীয় পরিচয়পত্র (যদি সম্ভব হয়) সংগ্রহের পাশাপাশি FGD ও KII করার ভিডিও তৈরি করে অত্র বিভাগে জমা দিতে হবে, যা প্রমাণক হিসেবে গণ্য করা হবে।

২০) Procuring Entity কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

(ছ) **পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ**

ক্রঃ নঃ	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২.	(ক) টিম লিডার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০(দশ) বছরের অভিজ্ঞতা; • সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ২ (দুই) টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা ; • পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং অন্যান্য আর্থিক বিধি বিধান সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে এবং • সমধর্মী কাজে কমপক্ষে ০৩টি প্রকাশনা থাকতে হবে।
	(খ)জনস্বাস্থ্য বিশেষজ্ঞ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জনস্বাস্থ্য সম্পর্কিত স্নাতক ডিগ্রী। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• জনস্বাস্থ্য বিশেষ করে পানি সম্পর্কিত গবেষণার কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে এবং • সমধর্মী কাজে কমপক্ষে ০৩টি প্রকাশনা থাকতে হবে।
	(গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/সমাজ বিজ্ঞান বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে। • সমধর্মী কাজে কমপক্ষে ০৩টি প্রকাশনা থাকতে হবে।
	(ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, ডাটা এনালাইসিসহসহ অন্যান্য Statistical Software package পরিচালনায় দক্ষ হতে হবে এবং • ডাটা ব্যবস্থাপনা, ডাটা এন্ট্রি, এনালাইসিস ইত্যাদি বিষয়ে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

(জ) **<u>পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ</u>**

ক্রঃ নঃ	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে।
২.	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে।
৩.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে।
৪.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায় ও ইংরেজিতে)	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে।
৫.	চুড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজিতে)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে।

(ঝ) ক্রয়কারী কর্তৃক প্রদেয় :

- প্রকল্প দলিল (ডিপিপি/আরডিপিপি/পিসিআর):
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগিতা প্রদান, ইত্যাদি।